তোমাদের কাউকে একবার চিমটি কাটায় যতোটুকু ব্যথা পাও শহীদ তার শাহাদাতের সময় ততোটুকুই কষ্ট পায়।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত,রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমাদের কাউকে একবার চিমটি কাটায় যতোটুকু ব্যথা পাও শহীদ তার শাহাদাতের সময় ততোটুকুই কষ্ট পায়।” [হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন। - এটি দারিমী বর্ণনা করেছেন]

হাদীসের অর্থ: মানুষ যখন আল্লাহর রাস্তায় শহীদ হয় তখন সে শাহাদাতের সময় এতোটুকু ব্যথা অনুভব করে যতোটুকু ব্যথা কাউকে পিপীলিকা কামড় দিলে অনুভব করে। দারিমীর বর্ণনায় এসেছে, “যতোটুকু ব্যথা কাউকে একবার চিমটি কাটায় পায়।” অর্থাৎ শহীদ মৃত্যুর যন্ত্রতা ও ভয়াবহতা অনুভব করে না, যা অন্যান্য মানুষ পেয়ে থাকে। বরং তারা বেশির থেকে বেশি আমাদেরকে পিপীলিকা কামড় দিলে যতোটুকু ব্যথা পাই শহীদরা মৃত্যুর সময় ততোটুকু ব্যথেই পায়। তাদের মৃত্যু এতো দ্রুতগতিতে হয় যে, তারা এ ব্যথাটুকুও অনুভব করতে পারে না। এটি মূলত শহীদগণের প্রতি মহান আল্লাহর বিশেষ অনুগ্রহ। সে যেহেতু তার জীবনকে আল্লাহর রাস্তায় পেশ করে দেয়, ফলে আল্লাহও তার মৃত্যু যন্ত্রণা সহজ করে দেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3914